111

দৈনিক ইত্তেফাক

তারিখ 11-DEC-1997
পৃষ্ঠা ... কলাম ...

# আত্মীকরণের দাবী

ইত্তেফাক রিপোর্ট ॥ গত মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে প্রাথমিক শিক্ষা সরকারী কর্মচারী সমিতির সাংবাদিক সম্মেলনে ৪৭৩ জন কর্মকর্তা-কর্মচারীকে উন্নয়ন খাত হইতে রাজস্ব খাতে আত্মীকরণের দাবী জানানো হয়। ইহা ছাড়া ঈদুল ফিতরের পূর্বেই বকেয়া বেতনসহ ভাতাদি প্রদানের দাবী জানান হয়।

কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন সমস্যা তুলিয়া ধরিয়া সমিতির সভাপতি মোঃ বেলায়েত হোসেন চৌধুরী বলেন, ১৯৮১ সনে আইডিএ প্রকল্পের উক্ত কর্মকর্তা-কর্মচারীদের প্রকল্প শেষে রাজস্ব খাতে আত্মীকরণের কথা। অথচ তাহা না করিয়া ১৯৯১ সনে 'সাধারণ শিক্ষা প্রকল্প' নামে অন্য একটি প্রকল্পে স্থানান্তর করা হয় এবং ১৯৯৭ সনের ৩০শে জুন উক্ত প্রকল্পের মেয়াদও শেষ হইয়া যায়। এমতাবস্থায় ১৫-২০ বৎসর চাকরীশেষে প্রৌঢ় বয়সে এইসকল কর্মকর্তা-কর্মচারী রিক্ত হস্ত।

সম্মেলনে বলা হয়, আগামী ২৪শে ডিসেম্বরের মধ্যে দাবী মানা না হইলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী দেওয়া হইবে।